

ঠাকুর জিজ্ঞাসা করে 'আলি কোথা হ'তে।
মনের মানসা তোর পাগলকে নিতে।।
রাই বলে 'আজ্ঞা প্রভো! অই মনোনীত।
বুঝিয়া করুন কার্য যে হয় উচিত।।'
ঠাকুর ইঙ্গিত কৈল 'গোলোকের পানে।
গোলোক ইঙ্গিত বুঝি উঠিল তখনে।।
অমনি চলিল রাইচরণ সঙ্গেতে।
ঠাকুর নিকটে রাই নারিল বসিতে।।
নারিকেলবাড়ী গিয়ে পাগলামি করে।
মারপিট করে জোরে যারে তারে ধ'রে।।
পদাঘাত মুষ্ঠাঘাত চপট আঘাত।
দশ-বার জনকে করেন ধরাপাত।।
পরে গেল করপাড়া যুধিষ্ঠির বাড়ী।
এক লাউ কাটিয়া পুরিল একহাঁড়ি।
জ্বাল দিয়া হাঁড়ির উপরে রেখে হাঁড়ি।
উঠানে আনিয়া ভাঙ্গে লাউ পোড়া হাঁড়ি।।
গোস্বামী তখন রাগে দর্প করি অতি।
রাইচরণের পৃষ্ঠে মারে দুই লাথি।।
দর্প করি বলে 'রাই শীঘ্র যারে বাটী।
বাড়ী আছে তালগাছ শীঘ্র ফেলা কাটি।।'
তাহা শুনি রাই তবে বাটীতে আসিল।
রাত্রি এল তালগাছ কাটিতে নারিল।।
পাগল যথা তথায় পাগলামী করে।
পাটগাঁতী খেয়াঘাটে রাত্রি দ্বিপ্রহরে।।
পাটনীর ঘর খেয়া ঘাটের উপর।
বলে 'ওরে পাটনী আমাকে পার কর।।'
পাটনী কহিছে রাগে 'তুই কার বেটা?
এত রাত্রে বল তোরে পার করে কেটা?'
জয় হরি বল রে গৌরহরি বল।'
দর্প করি যখনেতে উঠিল পাগল।।
পাটনীর হৃৎকম্প হৈল তাহা শুনে।
'নিত্য পার করি মন্দ বলৈছি না চিনে।।

রাবণ পাটনী নাম হয় যে আমার।
পার করি অন্তে যদি মোরে কর পার।।'
প্রভু বলে 'যাহা দিবি পাবি সেই ধন।
হরি তরাইবে তোরে বলিনু বচন।।'
এতবলি পাগল চলিল গঙ্গাচর্ণা।
রাইচরণের বাড়ী চলে উথমনা।।
বলে 'রাই মোর বড় ভ্রম হইয়াছে।
আমাকে সুস্থির কর এসে মোর কাছে।।
'রাই ডেকে বলে তার রমণীর স্থান।'
'পাগলকে সুস্থ করি তৈল জল আন।।'
তাহা শুনি ক্রোধেতে পাগলচাঁদ কয়।
'তেলে জলে সুস্থ হওয়া পাগল এ নয়।।
তালগাছ কাটিতে তোমাকে আমি কই।
তাহা যদি কেটে ফেল তলে সুস্থ হই।।
রাই কহে 'আসিতে যে রাত্রি হ'ল মোর।
অবশ্য কাটিব গাছ নিশি হ'লে ভোর।।
প্রভাত সময় তালগাছ কেটে ছিল।
গাছের 'ডাগুয়া' পাতা বাটীতে রাখিল।।
বাস্তবধর বেড়া সঙ্গে বেড়া হেলা দিয়া।
'ডাগুয়া' নীচেতে পাতা উপরে রাখিয়া।।
পাগল তাহার পরদিন ফিরিঘুরি।
গঙ্গাচর্ণা এল রাইচরণের বাড়ী।।
রাত্রিযোগে পাগল সে 'ডাগুয়া' পাতায়।
আগুন লাগায়ে দিয়া নাচিয়া বেড়ায়।।
হ-হ শব্দ করি অগ্নি জ্বলে অবিরাম।
রাই করে সোর শব্দ 'পুড়িয়া ম'লাম।।'
গৃহমধ্যে গিয়া বলে পাগল গোসাঁই।
'শুয়ে থাক রাই তোর কোন চিন্তা নাই।।
বাহির হইয়া রাই দেখে অকস্মাৎ।
আগুন হইয়েছে উর্দ্ধ আট-দশ হাত।।

● ডাগুয়া তাল নারিকেল প্রভৃতি গাছের ডাল।